

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ অধিশাখা  
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৩৩০০.০১৭.২৭.০০১.১৫(অংশ-১)- ৮৭৬

তারিখ : ২৬ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ।  
১০ নভেম্বর, ২০১৬ খ্রিঃ।

বিষয় : গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলার মোক্তারপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ শরীফুল ইসলাম তোরণকে দায়িত্ব পালনের অনুমতি প্রদান সংক্রান্ত।

সূত্র : জেলা প্রশাসক, গাজীপুর কার্যালয়ের স্মারক নং-৩৩৩(সং), তারিখঃ ০৯/১০/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলার মোক্তারপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ শরীফুল ইসলাম তোরণ এর বিরুদ্ধে দায়েরকৃত মামলা নং-১১৮/২০১২ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় গত ০২/০৩/২০১৬ তারিখে উক্ত চেয়ারম্যানকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। সাময়িক বরখাস্তকৃত চেয়ারম্যান জনাব মোঃ মোঃ শরীফুল ইসলাম তোরণ অত্র বিভাগের ০২/০৩/২০১৬ তারিখে ২৫১নং আদেশকে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-৪৯৬৩/২০১৬ দায়ের করেন। রীট পিটিশন মামলায় শুনানী শেষে ১৯ এপ্রিল, ২০১৬ তারিখে নিম্নরূপ আদেশ (আদেশের কপি সংযুক্ত) প্রদান করা হয়ঃ


"Pending hearing of the Rule, let operation of the impugned Memo No.46.00.3300.017.27.001.15.251 dated 02.03.2016 issued by the respondent No.02(Annexure-F) be stayed for a period of 6(Six) months from date."

০২। পরবর্তীতে, গত ২৮ সেপ্টেম্বর, ২০১৬ তারিখে উক্ত আদেশের মেয়াদ নিম্নরূপভাবে আরো ০৬(ছয়) মাস বৃদ্ধি করা হয়েছে (আদেশের কপি সংযুক্ত)ঃ

"Let the order of stay granted earlier by this court be extended for a further period of 06(Six) months from date."

০৩। এমতাবস্থায়, গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলার মোক্তারপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ শরীফুল ইসলাম তোরণ কর্তৃক দায়েরকৃত রীট পিটিশন নং-৪৯৬৩/২০১৬ এর গত ২৮ সেপ্টেম্বর, ২০১৬ তারিখের আদেশ মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : -----পাতা।

  
(মোঃ মাহাবুবুর রহমান)  
উপসচিব  
৯৫৮৬৬০৫  
Email : lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক  
গাজীপুর

অনুলিপি :

০১। উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, গাজীপুর।

০২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগেরওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।